



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

[প্রজ্ঞাপন]

তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০২৩ খ্রি:।

০১। নং- ১৭/২০২৩/কাস্টমস/১৯৫। The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিভিন্ন শুল্ক স্টেশনে অবস্থিত মেসার্স ঢাকা ওয়্যার হাউস লিমিটেড (বন্ড লাইসেন্স নং- ০৭/এসবিডব্লিউ/১৯৮১, তারিখ-১১.০৪.১৯৮১ খ্রি:) এর নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং- ৩৭/২০২২/কাস্টমস/২৪৭, তারিখ: ২৯/০৬/২০২২ খ্রি: এর মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ৬ (ছয়) মাসের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হয়। উক্ত মেয়াদ অতিক্রান্ত হওয়ায় প্রতিষ্ঠানটি ২০২২-২০২৩ অর্থবছরের অবশিষ্ট সময়ের জন্য বর্ধিত প্রাপ্যতা প্রদানের আবেদন জানান। প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় উক্ত প্রতিষ্ঠানের ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম ৬ (ছয়) মাসের জন্য অনুমোদিত প্রাপ্যতা হতে ইতোমধ্যে কৃত আমদানী বাদে অবশিষ্ট পরিমাণ প্রাপ্যতার মেয়াদ আগামী ৩০/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বর্ধিত করা হ'ল।

০২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.২০২০/১২২, তারিখঃ ০৪/০৪/২০২২ খ্রিঃ এর মাধ্যমে খালাসের অনুমতি প্রাপ্ত পণ্য চালানটির মূল্য (৯৭১৫ মাঃ ডলার) ইতোমধ্যে প্রাপ্যতা হতে সমন্বয় না করা হয়ে থাকলে আলোচ্য প্রাপ্যতা হতে সমন্বয়যোগ্য হবে।

স্বাঃ

নাজমুন নাহার

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

উপ- পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।

(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় গেজেটে প্রকাশিতব্য)

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.২০২০/১২২ (৭)

তারিখ: ১৭/০৪/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য:

১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

৩-৮। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর), ঢাকা।

সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।

১০। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ঢাকা ওয়্যার হাউস লিমিটেড, হাউস নং-সি ই এন (বি) ০৬, রোড নং-৯৬, গুলশান, ঢাকা।

১১-১২। অফিস কপি/গার্ড কপি।

স্বাঃ
নাজমুন নাহার

নাজমুন নাহার

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnbr@gmail.com